# বাংলাদেশ কৃষি ব্যাংক
## মুখ্য আঞ্চলিক কার্যালয়
## পশ্চিম মেড্ডা, ব্রাহ্মণবাড়িয়া।

**Covid-19 রোধকল্পে স্বাস্থ্যবিধি**
**পরিপালন সর্বোচ্চ অগ্রাধিকার**

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত আঞ্চলিক নৈতিকতা কমিটির তৃতীয় ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহ।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চলের নৈতিকতা কমিটির তৃতীয় ত্রৈমাসিক সভা অদ্য ২৩/০৩/২০২১ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৫.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সকল সদস্যের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন মোঃ শাহ আলম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রনোয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

বাস্তবায়ন রিপোর্টঃ

ক) **Covid-19** সংক্রমন রোধকল্পে সরকারি স্বাস্থ্য বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রধান কার্যালয় কর্তৃক পত্রের মাধ্যমে প্রদত্ত সকল নির্দেশনা অত্র কার্যালয় এবং সকল শাখায় শতভাগ বাস্তবায়ন/পরিপালন নিশ্চিত করার জন্য পুনঃপরামর্শ প্রদান ;

খ) ব্যাংক ব্যাবসা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনাসহ সম্মানিত গ্রাহকগনের উত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে অত্র কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা সমূহ শাখার দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করা হয়েছে। বিশেষ করে ব্যাংক প্রদত্ত নাগরিক সেবা (CITIZEN CHARTER) ও সকল প্রকার সেবার মূল্য তালিকা শাখার দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হয়েছে ;

গ) কাজের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর Hotline (১৬২৩৬), বিকেবি'র নির্বাহীবৃন্দের ফোন নম্বর এবং অভিযোগ বক্স শাখার দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে ;

ঘ) গ্রাহক হয়রানি ও দুর্নীতি নিরসনের জন্য ঋণ নথি প্রকিয়াকরনের কাজ ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। ঋণ গ্রহনে আগ্রহী ব্যক্তির সঙ্গে আলোচনার পর ঋণ পাওয়ার যোগ্য বিবেচিত হলে প্রথমেই প্রয়োজনীয় কাগজপত্রের একটি তালিকা গ্রাহককে দিতে হবে। একেকবার একেকটি দলিল/কাগজের জন্য বলা যাবে না বা বার বার একই কাগজপত্রের জন্য ব্যাংকে এনে হয়রানি করা যাবেনা। ঋণের মূল্যযুক্ত ফরম বিক্রয়, ঋণ প্রক্রিয়াকরন ফি, সিআইবি ফি ইত্যাদি সকল প্রকার ব্যাংক ফি ও ভ্যাট যথাযথ ভাউচারের মাধ্যমে গ্রহন করতে হবে এবং ভাউচারের কপি গ্রাহককে দিতে হবে। এ সংক্রান্ত কোন ফি মাঠকর্মীগন হাতে গ্রহন করবেন না। ঋণ মঞ্জুরীর পর দ্রুততম সময়েরর মধ্যে দলিলায়ন, বন্ধকী জমির তল্লাশিকরন কাজ সম্পাদন করতে হবে। দলিলায়নের খরচে স্বচ্ছতা বজায় রাখতে হবে। কোন ভাবে ভুল হিসাব দিয়ে বিভিন্ন অজুহাতে অতিরিক্ত টাকা নেয়া যাবে না ;

ঙ) অত্র মুখ্য অঞ্চলের সকল শাখা (২৮টি) অন-লাইন কার্যক্রমের আওতায় আনা হয়েছে।

সিদ্ধান্ত সমূহঃ

১। **Covid-19** করোনা ভাইরাস ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, এ বিষয়ে আরো সচেতন হতে হবে। মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে একই সাথে নিরাপদ দুরত্ব বজায় রেখে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে ;

২। শাখার রেমিট্যান্স সাইনবোর্ড শাখার সাইনবোর্ডের পাশে লাগাতে হবে তা অবশ্যই কৃষি ব্যাংকে প্রদত্ত সকল কোম্পানীর লোগো সম্বলিত হতে হবে ;

৩। শাখায় অবশ্যই পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। যাতে করে শাখায় আগত সকল নির্বাহীগন পরিদর্শন কালে তাদের মতামত লিপিবদ্ধ করতে পারেন ;

৪। শাখাসমূহের অন-লাইন এ আনয়নের সময় যে সকল ত্রুটি এবং গড়মিল রয়েছে তা অতি দ্রুত সমাধান করা।

| | | | | |
|---|---|---|---|---|
| ২২-০৩-২২ | ২৫-০৬-২১ | | ২৫-৬-২১ | ২২-০৬-২০২১ |
| মুহাম্মদ নাদির হোসাইন | মোঃ আলমগীর ভূইয়া | আব্দুল আজিজ | মোঃ ইউসুফ খান | (মোঃ শাহ আলম) |
| ফোকাল কর্মকর্তা | সদস্য | সদস্য | সদস্য | আহ্বায়ক |
| আঞ্চলিক নৈতিকতা কমিটি | আঞ্চলিক নৈতিকতা কমিটি | আঞ্চলিক নৈতিকতা কমিটি | আঞ্চলিক নৈতিকতা কমিটি | আঞ্চলিক নৈতিকতা কমিটি |
| ও | ও | ও | ও | ও |
| মুখ্য কর্মকর্তা | মুখ্য কর্মকর্তা | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | সহকারী মহাব্যবস্থাপক | মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক |

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলো ঃ

০১। স্টাফ অফিসার, মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ/দঃ)।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চল, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। অফিস নথি।